

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর  
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছেঃ

তারিখ- ১-৮-২০১৭

মিথ্যাশ্রিত গুজব রটিয়ে আই পি এফ টি'র দুর্বৃত্তরা আজ সকাল থেকে বোধজংনগর থানা, টি এস আর ব্যাটেলিয়নের স্থাপনা, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের অফিস আক্রমণ, টি এস আর-পুলিশের ওপর হিংস্র আক্রমণ এবং সরকারি ও বেসরকারি সম্পত্তির যে ক্ষতিসাধন করেছে সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলী তার তীব্র নিন্দা করছে।

বোধজংনগর থানা এলাকার বনিক্য চৌমুহনী থেকে মালতী দেবী ত্রিপুরা নামে একজন মহিলা অপহৃত হয়েছে বলে আই পি এফ টি'র লোকেরা ৩১ জুলাই গভীর রাত থেকে ফেসবুকে গুজব ছড়ায় এবং একটি ক্যাবল টেলিভিশন চ্যানেলেও গুজবে ইন্ধন জোগায়। আজ সকাল থেকে আই পি এফ টি'র লোকেরা বোধজংনগর থানার ওপর আক্রমণ চালিয়ে ভাঙচুর করে। দুপুরে আশেপাশের কয়েকটি মহকুমা থেকে আরও লোক জড়ো করে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের অফিস আক্রমণ করে যথেষ্ট ভাঙচুর করে। কম্পিউটার সহ অন্যান্য মূল্যবান সামগ্রি লুট করে। আরেকটি প্রতিষ্ঠানের দু'টি বাইক ও স্কুটি পুড়িয়ে দেয় এবং গোড়াউনে রাখা মেশিনপত্র ভাঙচুর করে। রাস্তায় পার্ক করে রাখা ৫টি বাইকে আগুন দেয় এবং ৫টি বাইক ও একটি গাড়ি ভাঙচুর করে, টি এস আর দ্বিতীয় ব্যাটেলিয়নের কমিউনিটি হল ভাঙচুর করে। পুলিশ-টি এস আর হিংস্রাশ্রয়ী আক্রমণে বাধা দিতে গেলে তাদের ওপর ইট, গুলতি, তীর-ধনুক নিয়ে আক্রমণ চালিয়ে প্রচণ্ড প্ররোচনা ও উস্কানি দেয়।

যে মহিলা অপহৃত হয়েছে বলে এরা গুজব রটায় সেই মালতী দেবী ত্রিপুরা গন্ডাছড়া মহকুমার রইস্যাবাড়িতে নিজ বাড়িতেই রয়েছেন। মহিলাটি জানায়, তিনি গতকাল আগরতলায় কোর্টে গিয়েছিলেন এবং নিরাপদেই ফিরে এসেছেন। কেউ তাকে অপহরণ করে নি।

অভিচরনে একটি নির্মাণ কাজ সেরে ৩ জন নির্মাণ শ্রমিক বাইকে বাধারঘাটের বাড়িতে ফিরছিলেন। একদল সশস্ত্র আই পি এফ টি দুষ্কৃতিকারী তাদের ওপর হামলা চালিয়েছে।

ঘটনাবলীতে এটা পরিস্কার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সৃষ্টি করে, শান্তি-সম্প্রীতি বিঘ্নিত করার ঘৃণ্য উদ্দেশ্যপ্রণোদিত পূর্ব পরিকল্পনায় আই পি এফ টি'র লোকেরা মহিলা অপহরণের গুজব রটিয়ে বোধজংনগর থানা, টি আই ডি সি অফিস, বেসরকারি সংস্থার অফিস আক্রমণ, ভাঙচুর, অগ্নিসংযোগ, লুটপাট করেছে এবং পুলিশ-টি এস আর-কে আক্রমণ করেছে।

সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী আই পি এফ টি'র এই জঘন্য ষড়যন্ত্রমূলক আক্রমণের তীব্র নিন্দা ও প্রতিবাদ করছে। গুজব রটনাকারী এবং সরকারি-বেসরকারি সম্পত্তি ক্ষতিসাধনকারীদের দ্রুত গ্রেপ্তার করে কঠোর শাস্তি দিতে দাবি জানাচ্ছে। শান্তি-সম্প্রীতি বিনষ্টের যে কোনও অপচেষ্টা ঐক্যবদ্ধ ভাবে ব্যর্থ করতে জনগণের প্রতি আহ্বান জানাচ্ছে।

২৩/৮/১৭

সি পি আই (এম)

রাজ্য দপ্তরের পক্ষে

প্রতি

বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।